দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 3

# একটি প্রাইমারী স্কুলের সমস্যা

কুখরালী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি সাতক্ষীরা জেলার বহু পুরনো এবং ঐতিহ্যবাহী স্কুল। গত বাং ১২৯২, ইং ১৮৮৬ সালে এই বিদ্যালয়টি প্রতিষ্ঠিত। এই বিদ্যালয় হতে দেশের বহু নামকরা ব্যক্তিত্ব তাদের শিক্ষাজীবন শুরু করেছিলেন। বাংলাদেশের দক্ষিণে নিভৃত জনবহুল পল্লী কুখরালী, সাতক্ষীরা সদর উপজেলা ও পৌর সভার মধ্যে ৩ নং ওয়ার্ডে এই বিদ্যালয়টির অবস্থান। কুখরালী, গড়েরকান্দা, ছোট বাঁকাল, এই তিনটি গ্রামের সমন্বয়ে গরীব সন্তানেরা এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী। উক্ত বিদ্যালয়ে ৩০০ (তিনশত) ছাত্রছাত্রী নিয়মিত পড়াশোনা চালিয়ে যাচ্ছে। বর্তমানে বিদ্যালয় ভবনটির অবস্থা খুবই আশংকাজনক। প্রায় ১০৩ (একশত তিন) বৎসর পূর্বে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এযাবৎ বিদ্যালয়টি ব্যক্তিগত উদ্যোগে কোন রকম জোড়াতালি দিয়ে গ্রামবাসীরা চালিয়ে এসেছেন। স্বাধীনতার পর বিদ্যালয়টি জাতীয়করণ হয়, কিন্তু জাতীয়করণ হওয়ার পর সুদীর্ঘ ১৭/১৮ বৎসর এর মধ্যে বিদ্যালয়টি সংস্কার বা উন্নয়নের জন্য সরকারীভাবে কোন অনুদান এযাবৎ পাওয়া যায়নি। এরপর সাম্প্রতিক সাতক্ষীরাতে সর্বনাশা ঘূর্ণি ঝড় হয়ে যাওয়ায় এখন ছাত্রছাত্রীদের পড়াশুনার একেবারে অনুপযোগী হয়ে পড়েছে।

এত পুরনো বিদ্যালয় হওয়া সত্ত্বেও ওপরে মাটির খোলা ও গোলপাতা দিয়ে কোন রকমে চলছিল, তাও ঝড়ে উড়ে গেছে। যদিও দেওয়াল পাকা গাথুনি আছে, কিন্তু প্লাস্টারের অভাবে এবং বর্তমানে বৃষ্টি ও ঝড়ের কারণে যেকোন মুহূর্তে দেওয়াল ধ্বসে বড় ধরনের দুর্ঘটনা হতে পারে।

শেখ মাসুদ হোসেন
যুগ্ম সম্পাদক
কুখরালী আদর্শ যুবসংঘ
সাতক্ষীরা, বাংলাদেশ।